# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**17-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য জুড়ে বিধানসভা নির্বাচনের চূড়ান্ত প্রস্তুতির মধ্যেই ভোটগ্রহণের পর ইভিএম সংরক্ষণ ও গণনা কেন্দ্র চূড়ান্ত করার কাজ শেষ করেছে নির্বাচন কমিশন।

নির্বাচন কমিশন আরও চার হাজার ৬৬০ টি নতুন ভোট কেন্দ্র তৈরি করায় রাজ্যে মোট ভোট কেন্দ্রের সংখ্যা দাঁড়াল ৮৫ হাজার ২৭৯।

২) রাজ্য বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচারাভিযান জমে উঠেছে।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, সংবিধানে আসন পুনর্বিন্যাসের যে সংস্থান রাখা হয়েছে, তা প্রতিটি কেন্দ্রের ভোটদাতাদের সামনে আরও বাস্তবোচিত সুযোগ এনে দেবে।

৪) আর্থিক প্রতারণার তদন্তে আয়কর দফতরের আধিকারিকরা আজ রাসবিহারীর তৃণমূল কংগ্রেস নেতা, এবারের প্রার্থী দেবাশিস কুমারের বাড়ি ও নির্বাচনী কার্যালয়ে তল্লাশি চালাচ্ছে।

৫) আইপিএল ক্রিকেটে  কলকাতা নাইট রাইডার্স, আজ গুজরাট টাইটানস এর মুখোমুখি ।

৬) দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

---

রাজ্যজুড়ে বিধানসভা নির্বাচনের চূড়ান্ত প্রস্তুতির মধ্যেই ভোটগ্রহণের পর ইভিএম সংরক্ষণ ও গণনা কেন্দ্র চূড়ান্ত করার কাজ সেরে ফেলেছে নির্বাচন কমিশন। রাজ্যে মোট ৮৭টি স্ট্রং রুম ও গণনাকেন্দ্র নির্ধারণ করা হয়েছে। প্রতিটি বিধানসভা কেন্দ্রের জন্য ডিসিআরসি, স্ট্রং রুম এবং গণনা কেন্দ্রের স্থান চিহ্নিত করার কাজ ইতিমধ্যেই সম্পন্ন।

কমিশন সূত্রে জানা গিয়েছে, ৪৪টি জেলাসদর ও ৪৩টি মহকুমা সদরে এই কেন্দ্রগুলি গড়ে তোলা হয়েছে। প্রতিটি কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা, প্রবেশ ও প্রস্থান পথ, বিদ্যুৎ ও পানীয় জলের সুবিধা সহ যাবতীয় পরিকাঠামো খতিয়ে দেখে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলকাতা-সহ কয়েকটি বড় জেলায় একাধিক স্থান নির্ধারণ করা হয়েছে, যাতে ভিড় ও চাপ কমানো যায়। শিক্ষা প্রতিষ্ঠান, স্টেডিয়াম এবং সরকারি ভবনগুলিকেই মূলত এই কাজে ব্যবহার করা হচ্ছে। উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ—প্রতিটি জেলায় একই রকম ব্যাবস্থাপনা বজায় রাখার উপর জোর দিয়েছে কমিশন।

উল্লেখ্য, প্রতিটি স্ট্রং রুমে থাকবে কেন্দ্রীয় আধাসামরিক বাহিনীর কড়া পাহারা। পাশাপাশি ২৪ ঘণ্টা সিসিটিভির নজরদারি, নির্দিষ্ট প্রবেশপথ এবং নিয়ন্ত্রিত চলাচলের ব্যবস্থা রাখা হচ্ছে। কমিশনের নির্দেশ অনুযায়ী, স্ট্রং রুমের নিরাপত্তায় থাকবে দ্বিস্তরীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা। একটি চাবি থাকবে প্রশাসনের কাছে এবং অন্যটি সংশ্লিষ্ট প্রার্থী বা তাঁদের প্রতিনিধির কাছে।

প্রতিটি ডিসিআরসি কেন্দ্রে ভোটের আগে ইভিএম বিতরণ এবং ভোটের পর তা গ্রহণের জন্য পৃথক ব্যবস্থা রাখা হয়েছে। পাশাপাশি গণনাকেন্দ্রগুলিতে পর্যাপ্ত টেবিল, গণনাকর্মী, নিরাপত্তা বলয় এবং পর্যবেক্ষণের জন্য নির্দিষ্ট অঞ্চল তৈরি করা হচ্ছে বলে জানা গিয়েছে।

--------------------

ভোটের মুখে নির্বাচন কমিশন নতুন করে ৪ হাজার ৬৬০টি সহায়ক ভোটকেন্দ্র তৈরি করায় পশ্চিমবঙ্গে ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা এর ফলে বেড়ে দাঁড়াল ৮৫ হাজার ৩৭৯। ভোটারদের সুবিধার্থেই ভোটকেন্দ্র বৃদ্ধির এই সিদ্ধান্ত। কমিশন জানিয়েছে, প্রতিটি অতিরিক্ত বুথে পর্যাপ্ত ব্যবস্থা রাখার পাশাপাশি ভোটারদের যাতে কোনও সমস্যা না-হয়, তা নিশ্চিত করতে হবে। এ ছাড়া বুথে বিদ্যুৎ পরিষেবা, শৌচালয় এবং পানীয় জলের বন্দোবস্ত দেখতে বলা হয়েছে ।

উল্লেখ্য, নির্বাচন কমিশন গত ৪ঠা এপ্রিল, ভোটকেন্দ্র বৃদ্ধি এবং সহায়ক বুথ তৈরির সিদ্ধান্ত অনুমোদন করেছিল। এ বার তা কার্যকর হল। যে সমস্ত বুথে ভোটদাতার সংখ্যা ১ হাজার ২০০ ছাড়িয়ে গিয়েছে, সেখানে অতিরিক্ত সহায়ক বুথ তৈরি করা হচ্ছে, যাতে একটি ভোটকেন্দ্রে ও অতিরিক্ত ভোটারের চাপ না পড়ে।

--------------------

বিধানসভা নির্বাচনের প্রথম দফার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আগামী সপ্তাহে দু'দিনের জেলা সফরে যাচ্ছেন। কমিশন সূত্রে জানা গেছে, সোমবার সকালে বায়ুসেনার হেলিকপ্টারে কলকাতা থেকে প্রথমে মালদায় পৌঁছবেন তিনি। সেখানে পরিস্থিতি পর্যালোচনার পর দুপুরে উত্তর

দিনাজপুর এবং বিকেল কোচবিহারের ভোট প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখবেন। পরের দিন, মঙ্গলবার ২১ এপ্রিল সকালে কোচবিহার থেকে পশ্চিম মেদিনীপুরে পৌঁছে পরিস্থিতি পর্যালোচনা করবেন তিনি।

ওই দিন বিকেলেই তাঁর কলকাতায় ফিরে আসার কথা।

উল্লেখ্য, ২৩ এপ্রিল প্রথম পর্যায়ে উত্তরবঙ্গ ও জঙ্গলমহলের ১৫২ টি আসনে ভোট নেওয়া হবে।

--------------------

বিধানসভা নির্বাচনের আগে নির্বাচন কমিশনের কড়া নজরদারিতে তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গে মিলিয়ে এখনও পর্যন্ত মোট ৮৬৫ কোটি টাকার বেশি নগদ, মদ, মাদক ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। পশ্চিমবঙ্গেই বাজেয়াপ্তের মোট পরিমাণ ৪২৭ কোটি টাকা। এর মধ্যে রয়েছে ২১ কোটি টাকা নগদ, বিপুল পরিমাণ মদ যার আর্থিক মূল্য ৮১ কোটি টাকা, প্রায় ১০০ কোটি টাকার মাদকদ্রব্য, ৫৪ কোটি টাকার মূল্যবান ধাতু এবং ১৭২ কোটি টাকার উপহার বা অন্যান্য সামগ্রী। নির্বাচনী প্রক্রিয়া প্রভাবমুক্ত রাখতে ইতিমধ্যেই একাধিক পদক্ষেপ নিয়েছে কমিশন।

--------------------

রাজ্যে আসন্ন বিধানসভা সাধারণ নির্বাচনে সমাজের সর্ব স্তরের মানুষকে গণতান্ত্রিক অধিকার প্রয়োগ উৎসাহিত করতে আজ সকালে দার্জিলিং রেল স্টেশনে দার্জিলিং হিমালয়ান রেলওয়ে ( DHR) এবং দার্জিলিং জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের যৌথ উদ্যোগে " মেগা সিস্টেমেটিক Voters' এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল Participation ( SVEEP) অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই উদ্যোগের অঙ্গ হিসেবে  দার্জিলিঙের চৌরাস্তা এলাকায় সকালে প্রবীণ নাগরিক ও তরুণ প্রজন্মের প্রতিনিধিরা পায়ে হেঁটে পথ পরিক্রমা বা "ওয়াকাথন"-এ সামিল হন। এই উপলক্ষ্যে মানুষের কাছে ভোট  নিয়ে বিশেষ বার্তা পৌঁছে দিতে দার্জিলিং স্টেশন থেকে বাতাসিয়া লুপ পর্যন্ত ' Democracy Express ' নামে একটি বিশেষ  ট্রেন চালানো হয়।

------------------

এবার জম্মু-কাশ্মীরে সন্ত্রাসবাদ দমনে ব্যবহৃত বুলেটরোধী সাঁজোয়া গাড়ি নিয়ে মালদার বৈষ্ণবনগরে রুটমার্চ করলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। তারা আজ 'মার্কসম্যান বুলেটরোধী গাড়ি নিয়ে বৈষ্ণবনগরের ১৬ মাইল, 'বাজাপ্তি, খোঁজপাড়া সহ একাধিক এলাকায় রুটমার্চ করেন। সঙ্গে ছিলেন বৈষ্ণবনগর থানার পুলিশ আধিকারিকরাও। এলাকার সাধারণ ভোটারদের নির্ভয়ে, শান্তিপূর্ণভাবে তাদের ভোটাধিকার প্রয়োগের ব্যাপারে সচেতন করা হয় এদিনের রুটমার্চে । নির্বাচনকে কেন্দ্র করে কোথাও কোন গন্ডগোল, অশান্তির ঘটনা ঘটলে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা বুলেটরোধী এই সাঁজোয়া গাড়ি নিয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচারাভিযান জমে উঠেছে। বিজেপি নেতা, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ আজ কলকাতায় দলীয় কর্মসূচিতে অংশগ্রহণের পর এক সাংবাদিক সম্মেলনে বলেন, এবারের  বিধানসভা ভোট বিজেপির বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের নয় - তৃণমূল কংগ্রেস ও মমতা ব্যানার্জীর

বিরুদ্ধে রাজ্যের মানুষের লড়াই। সোনার বাংলা গড়তে রাজ্যবাসী বিজেপিকেই বেছে নেবে বলে তাঁর দাবি। অর্থনীতি সহ বিভিন্ন ক্ষেত্রে বাংলা একসময় দেশের পাঁচটি শীর্ষ রাজ্যের মধ্যে থাকলেও তা এখন পুরোপুরি ঋণের বোঝায় ডুবে রয়েছে বলে তাঁর অভিযোগ।

বাইট–দেবেন্দ্র

আসামের মুখ্যমন্ত্রী, বিজেপি নেতা হিমন্ত বিশ্বশর্মাও আজ উত্তর দিনাজপুরের হেমতাবাদে এক জনসভায় যোগ দিয়েছেন।

শিলিগুড়ির বিজেপি প্রার্থীর সমর্থনে আজ প্রচার করেন রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মা। যোগ দেন রোডশো-তেও।

নাগরাকাটায় বিজেপি প্রার্থীর সমর্থনে আজ মেটেলিতে রোডশো করেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। ইংডং মোড় থেকে মেটেলি থানা পর্যন্ত এই রোডশো-এ অংশ নেন প্রায় ৫ হাজার মানুষ।

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, পুরুলিয়ায় দলীয় জনসভায় তৃণমূল কংগ্রেস ও মুখ্যমন্ত্রীর সমালোচনা করে বলেন, রাজ্যে এবার বিজেপি সরকরাই গঠিত হতে চলেছে। ভারতীয় জনতা পার্টি এবার ১৭৭ আসনের কম পাবেনা বলে দাবি করেন তিনি। স্থানীয় বিভিন্ন সমস্যার কথা তুলে ধরে শ্রী অধিকারী বলেন, বর্তমান সরকার আদিবাসীদের জল, জমি, জঙ্গল লুঠ করছে। বিজেপি ক্ষমতায় এলে এইসব সমস্যা সমাধানের পাশাপাশি যাদের বয়স পেরিয়ে গেছে, তাদেরও চাকরির সুযোগ করে দেবে বলে তিনি আশ্বাস দেন।

বাইট শুভেন্দু

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কোচবিহারে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় পাল্টা অভিযোগ করেছেন, নরেন্দ্র মোদী সরকার ক্ষমতায় আসার পর ২ কোটি বেকারকে চাকরী  ও সকলের অ্যাকাউন্টে ১৫ লক্ষ টাকা দেওয়ার যে প্রতিশ্রুতি দিয়েছিল, বাস্তবে তা কার্যকর হয়নি।

বাইট–মমতা

তাঁর দাবি, রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেসের একাধিক প্রকল্পের সুবিধা পেয়েছেন। বিজেপি, বাইরে থেকে লোক এনে টাকা দিয়ে রাজ্যে ভোট করাতে চাইছে বলে তিনি অভিযোগ করেন।

উত্তরবঙ্গের কোনো উন্নয়ন হয়নি, বিরোধীদের এই দাবিও খারিজ করে দেন মমতা।

তিনি দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শোতে অংশ নেন।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ সবং-এ এক জনসভায় যোগ দিয়ে বলেন, উন্নয়নমূলক কোন প্রকল্পেই বিজেপি রাজ্যের মানুষের জন্যও কোনো সাহায্য করেনি।

বাইট-অভিষেক

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ দার্জিলিং-এ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার চালাচ্ছেন। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী দলীয় প্রার্থীর সমর্থনে আলিপুরদুয়ারে এক কর্মসূচিতে যোগ দিয়েছেন। যাদবপুরে আজ সন্ধ্যায় ওই

আসনের প্রার্থীর সমর্থনে দলীয় কর্মী-সমর্থকরা হালতু পোস্ট অফিস থেকে সন্তোষপুর মিনি বাস স্ট্যান্ড পর্যন্ত এক মিছিলে সামিল হয়েছেন।

কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী, রবীন্দ্র সরোবরের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তোলেন। আজ সকালে সেখানে এক ব্যক্তির জলে ডুবে মৃত্যুর উল্লেখ করে তিনি এক জনসভায় সরবরের নিরাপত্তার ক্ষেত্রে মান্য কার্যবিধি বলবত্‍ করারও দাবি জানান।

ISF সহ অন্য দলগুলিও প্রচার টালাচ্ছে।

--------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, সংবিধানে আসন পুনর্বিন্যাসের যে সংস্থান রাখা হয়েছে, তা প্রতিটি কেন্দ্রের ভোটদাতাদের সামনে আরও বাস্তবোচিত সুযোগ এনে দেবে। তিনি আজ লোকসভায় সংবিধানের **১৩১** তম সংশোধনী বিল, আসন পুনর্বিন্যাস বিল ও কেন্দ্রশাসিত অঞ্চল সংশোধনী বিল নিয়ে আলোচনার জবাবি ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, ২০২৯-এর লোকসভা নির্বাচনে যাতে মহিলাদের যথাযথ আসন সংরক্ষণ সুনিশ্চিত করা যায়, এই বিলগুলির উদ্দেশ্য হল তাই।

বাইট

এর আগে আলোচনায় অংশ নিয়ে তৃণমূল কংগ্রেসের সাংসদ কল্যাণ ব্যানার্জী বলেন, তাদের দল মহিলাদের আসন সংরক্ষণ সমর্থন করে। কিন্তু সংসদে বর্তমান আসন সংখ্যাতেই তা করতে হবে বলেও তিনি দাবি জানান।

--------------------

আর্থিক প্রতারণার তদন্তে আয়কর দফতরের আধিকারিকরা আজ রাসবিহারীর তৃণমূল কংগ্রেস নেতা, এবারের প্রার্থী দেবাশিস কুমারের বাড়ি ও নির্বাচনী কার্যালয়ে তল্লাশি চালাচ্ছে। উদ্ধার হয়েছে বেশ কিছু নথিপত্র। সকাল ৬ টা থেকে এই তল্লাশি অভিযান চলেছে। মনোহর পুকুর রোডে দেবাশিস কুমারের বাড়ি ছাড়াও তৃণমূল কংগ্রেসের পার্টি অফিস, নির্বাচনী কার্যালয় এবং তার শাশুরির ফ্ল্যাটেও হানা দেয় আয়কর আধিকারিকরা।

তল্লাশি চলে তৃণমূল কংগ্রেসের ট্রেড ইউনিয়নের নেতা কুমার সাহার বাড়ি ও অফিসেও। সেখান থেকেও বেশ কিছু নথি মিলেছে বলে খবর।

এর আগে জমি দখল সংক্রান্ত মামলায় জিজ্ঞাসাবাদের জন্য দেবাশিষ কুমারকে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে ডেকে পাঠিয়েছিল ইডি। এই ঘটনার প্রেক্ষিতে দেবাশিষ কুমারের মতিলাল নেহরু রোডের পার্টি অফিসে বিক্ষোভ দেখাতে শুরু করেছেন তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকেরা।

এদিকে, জমি দখল মামলার তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয়–ইডি আজ মার্লিন গ্রুপের একাধিক ঠিকানায় তল্লাশি চালাচ্ছে। তল্লাশি চলছে ওই সংস্থার আধিকারিকদের বাড়িতেও।

--------------------

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েক দিন মূলত শুষ্ক আবহাওয়া থাকবে। দু এক জায়গায় বজ্রগর্ভ মেঘ সঞ্চার এর ফলে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে, সঙ্গে থাকবে দমকা হাওয়া।

কলকাতা ও পার্শ্ববর্তী অংশে আজ ও আগামীকাল বিক্ষিপ্তভাবে দু এক জায়গায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর পূর্বাভাস দিয়েছে।

দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, আগামীকাল থেকে তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রী সেলসিয়াস বাড়ার সম্ভাবনা। পশ্চিমের জেলাগুলিতেও আগামীকাল থেকে তাপমাত্রা চার থেকে পাঁচ ডিগ্রি বাড়বে। উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েক দিন বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

বাইট হাবিবুর রহমান

এদিকে আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা সামান্য কম। সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭. দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি।

-------------------

আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, আজ গুজরাট টাইটানস এর মুখোমুখি। কলকাতা টসে জিতে প্রথমে ব্যাট করছে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে আজ সন্ধ্যায় কেকেআর শেষ পাওয়া খবরে, ৩ উইকেটে ৩৭ রান করেছে।

উল্লেখ্য, চার ম্যাচে চার পয়েন্ট সংগ্রহ করে গুজরাট টাইটানস পয়েন্ট তালিকায় ষষ্ঠ স্থানে রয়েছে। অন্যদিকে, পাচঁ ম্যাচে ১ পয়েন্ট সংগ্রহ করে কেকেআর পয়েন্ট তালিকায় সব শেষে রয়েছে।

------------------- -------------------